

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট : www.bb.org.bd

আষাঢ় ২০, ১৪১৯

এফই সার্কুলার নং- ০৬

তারিখ : -----

জুলাই ০৪, ২০১২

বৈদেশিক মুদ্রা লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

২০১২-২০১৩ অর্থ বছরে রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

দেশের রপ্তানি বাণিজ্যকে উৎসাহিতকরণের লক্ষ্যে সরকার পূর্ববর্তী বছরসমূহের ন্যায় চলতি ২০১২-২০১৩ অর্থ বছরেও কতিপয় পণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে জুলাই ০১, ২০১২ হতে জুন ৩০, ২০১৩ তারিখ পর্যন্ত সময়কালে জাহাজীকৃত নিম্নোক্ত পণ্যসমূহ রপ্তানির বিপরীতে প্রতিটির পার্শ্বে উল্লিখিত হারে রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা পরিশোধ্য হবে।

পণ্যের নাম	প্রযোজ্য হার
১) রপ্তানিমুখী দেশীয় বস্ত্রখাতে শুক্ক বস্ত্র ও ডিউটি ড্র-ব্যাংক এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তা	৫%
২) হোগলা, খড়, আখের ছোবড়া ইত্যাদি দিয়ে হাতের তৈরী পণ্য রপ্তানি খাতে নগদ সহায়তা	১৫%-২০%
৩) কৃষি পণ্য(শাকসব্জি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রসেসিং) কৃষিপণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকী	২০%
৪) হাড়ের গুড়া রপ্তানি খাতে নগদ সহায়তা	১৫%
৫) হালকা প্রকৌশল পণ্য রপ্তানি খাতে ভর্তুকী	১০%
৬) ঈশ্বরদী ইপিজেড -এ কৃষিভিত্তিক শিল্প বিনিয়োগ আকৃষ্টকরণে লিকুইড গ্লুকোজ রপ্তানি খাতে ভর্তুকী	২০%
৭) ১০০% হালাল মাংস রপ্তানি খাতে ভর্তুকী	২০%
৮) হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানি খাতে নগদ সহায়তা	১০%
৯) চামড়াজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ সহায়তা	১৫%
১০) জাহাজ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী	৫%
১১) নতুন পণ্য/নতুন বাজার (বস্ত্র খাত) সম্প্রসারণ সহায়তা (আমেরিকা/কানাডা/ইইউ ব্যতীত)	২%
১২) বস্ত্র খাতের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধা (প্রচলিত নিয়মের)	৫%
১৩) আলু রপ্তানি খাতে নগদ সহায়তা	২০%
১৪) পেট বোতল-ফ্লেক্স রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী	১০%
১৫) পাটজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ ভর্তুকী	১০%

রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা সংক্রান্ত সকল এফ,ই সার্কুলার/সার্কুলার পত্রের শর্তাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ গোলাম হায়দার)

উপ মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০০৯২